

Rs. 500 মূল্যের নোট গ্রহণে অস্বীকার

জানুয়ারি ৫, ২০০১

DCM. 300 /08.04.21/2000-2001

চেয়ারম্যান

বাণিজ্যিক ও সমবায় ব্যাংক সমূহ

মাননীয় মহাশয়,

Rs 500 মূল্যের নোট গ্রহণে অস্বীকার

এই বিষয় আমাদের নজরে এসেছে যে কিছু ব্যাংকের শাখাগুলি হয় Rs 500 মূল্যের নোট গ্রহণে অস্বীকার করছে অথবা গ্রহণ করছে কিন্তু প্রস্তাবকের কাছ থেকে সেই নোটের ক্রমিক সংখ্যা পাবার পর।

২। সেইজন্য আমরা আমাদের চিঠি DCM.No.927/08.06.01/97-98 dated 18th June 1998 অনুযায়ী মনোযোগ আকর্ষণ করতে চাই এবং পুনরায় এই বিষয় স্পষ্ট করে দিতে চাই যে বিভিন্ন সময়ে ভারতীয় রিজার্ভ ব্যাংক কর্তৃক প্রকাশিত সমস্ত Rs 500 মূল্যের নোট আইনতঃ বৈধ এবং তার ফলস্বরূপ সমস্তরকম লেনদেনের ক্ষেত্রে এটি নিদ্বিধায় গৃহীত হওয়া উচিত।

৩। সাম্প্রতিক অতীতে ভারতীয় রিজার্ভ ব্যাংক কর্তৃক প্রচারিত বিজ্ঞাপনের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যে পুরানো সবুজ রঙের নকশা করা (অশোক স্তম্ভের জলছবি সহ) ৫০০ টাকার নোটগুলি পুনঃপরীক্ষিত পরিকল্পিত রঙিন নতুনভাবে নকশা করা Rs 500 নোটের সঙ্গে বদলাবদলি করার আহ্বান জানানো হচ্ছে। আমরা একথা স্পষ্ট করে বলে দিতে চাই যে এই ব্যবস্থা শুধুমাত্র জনগণ যাতে তাদের পুরানো Rs 500-এর নোট বদলিয়ে নিতে পারে। আমরা এ বিষয়ে জোর দিতে চাই যে ব্যাংকগুলি যেন এরূপ ঘোষণা না করে যে এই কারণেই তারা নোট গ্রহণে অস্বীকার করছে।

৪। সেইজন্য, আপনি অনুগ্রহপূর্বক যথাশীঘ্র আপনার সমস্ত শাখাগুলিতে এই নির্দেশ পাঠান যাতে তারা নিদ্বিধায় Rs 500 —এর নোট গ্রহণ করে এবং জনগণের মনে ছড়ানো আতঙ্ক পরিহার করতে পারে।

৫। অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার জানাইবেন।

ইতি ভবদীয়

স্বাক্ষর

(সি. কৃষ্ণান)

চীফ জেনারেল ম্যানেজার